

ঢাবি রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে অনিয়মের অভিযোগ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক
ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের ভোটার কার্ড প্রদানে অনিয়মের অভিযোগ করেছেন বিএনপি-জামায়াত পন্থী জাতীয়তাবাদী পরিষদের নেতারা। তারা বলেছেন, নির্বাচনে সরকার সমর্থকদের পক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসন এ কাজ করেছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে জাতীয়তাবাদী পরিষদের প্যানেল পরিচিতি অনুষ্ঠানে এ অভিযোগ করা হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ঢাবির সাবেক উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দীন আহমদ।

ঢাবি সাদা দলের শিক্ষক অধ্যাপক তাজমেরী এমএ ইসলামের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন অধ্যাপক আযিনুর রহমান মজুমদার, অধ্যাপক আখতার হোসেন কান্না, ড. মামুন আহমেদ প্রমুখ।

২৮ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার তিন কেন্দ্রে সর্বশেষ দফায় এ নির্বাচনের ভোট গ্রহণ করা হবে। অনুষ্ঠানে বক্তারা বলেন, ১৪ ও ২১ সেপ্টেম্বর দেশের বিভিন্ন জেলার ৪০টি কেন্দ্রে অর্ধেকেরও বেশি রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ভোটার কার্ড না পাওয়ায় ভোট দিতে পারেননি। এতে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটেরা বিক্ষুব্ধ হয়ে ভোটার কার্ড প্রদানে পক্ষপাতিত্বের অভিযোগের তদন্ত দাবি করেন।

তারা অভিযোগ করেন, সব ছাত্র সংগঠনের সহাবস্থান না থাকায় ভিন্ন মতের অনেক ভোটারই বিশ্ববিদ্যালয়ে স্থাপিত ৩টি ভোটকেন্দ্রে ভোট গ্রহণে উন্নতিসহীনের সম্মুখীন হবেন।